



তারিখ : ২০ আগস্ট ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি'র ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও সাংগঠনিক কার্যক্রম উপলক্ষে যৌথসভা :

বিএনপি'র ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও দলীয় কর্মসূচির বিষয়ে আজ ২০ আগস্ট ২০২৪, মঙ্গলবার দুপুর ১২ টায় দলের নয়াপল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে বিএনপি'র সিনিয়র মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী'র সভাপতিত্বে এক যৌথসভা অনুষ্ঠিত হয়। সভায় দলের যুগ্ম মহাসচিববৃন্দ, সাংগঠনিক ও সহ-সাংগঠনিক সম্পাদকবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় নেতৃবৃন্দ দলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা করেন এবং একটি খসড়া কর্মসূচি প্রনয়ন করেন।

সভায় সাংগঠনিক কার্যক্রম চালু করার বিষয়েও নেতৃবৃন্দ মতামত ব্যক্ত করেন। সভায় ছাত্র-জনতার আত্মপ্রত্যয়ী আন্দোলনের উদ্বেল অভিযাত্রাকে প্রতিহত করতে খুনি ফ্যাসিষ্টরা যে নির্মম গণহত্যা চালিয়েছে সেই গণহত্যার শিকার শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। পরাজিত স্বৈরাচারের অপকীর্তি, গুম-খুনের বিভিষিকা, বেপরোয়া মামলা হামলা ও মহাদুর্নীতির অপশাসন অপসারিত করে বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে বিএনপি'র ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী কিভাবে পালন করা যায় সেটি নিয়ে নেতৃবৃন্দ সুচিন্তিত অভিমত ব্যক্ত করেন। বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে শহীদ জিয়ার বহুদলীয় গণতন্ত্র, উৎপাদন-উন্নয়নের রাজনীতির মর্মবস্তুকে ধারণ করে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি প্রনয়নের জন্য নেতৃবৃন্দ অভিমত প্রকাশ করেন। আইনের শাসন, বহুমতের সহাবস্থান এবং শান্তি, স্থিতি ও ঐক্যবদ্ধ জাতি বিনির্মাণে বিএনপি'র অঙ্গিকার বাস্তবায়নে নেতৃবৃন্দ দৃঢ় প্রত্যয় ঘোষণা করেন।

বার্তা প্রেরক

(এ্যাড. মোঃ তাইফুল ইসলাম টিপু)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।